

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

স্মারক নং-৩৩.০২.৩২২৪.৫০১.২৫.০০১.১৮.৪৬

তারিখ: ২৮/০৩/২০২৩ খ্রি.

নোটিশ

এতদ্বারা গাইবান্ধা জেলার গাইবান্ধা সদর উপজেলাধীন মৎস্য হ্যাচারী পরিচালনা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি জন্য জানানো যাচ্ছে, মৎস্য হ্যাচারী আইন ২০১০ এর ধারা-৫ মোতাবেক কোন ব্যক্তি লাইসেন্স গ্রহণ ব্যতীত মৎস্য হ্যাচারী স্থাপন বা পরিচালনা করিতে পারিবেন না। এই আইনের ধারা-৪ ও ৩ এর উপবিধি-২ বা ক্ষেত্রমত, উপ-ধারা-৪ অনুযায়ী বিধি-৫ এ বিধৃত আবেদন ফি/নবায়ন ফি পরিশোধ সাপেক্ষে ফরম-১ এ আবেদন করে লাইসেন্স গ্রহণ/নবায়ন করা আবশ্যিক। (১) কোন ব্যক্তি এই আইনের ধারা ৫, ৬, ৭ এবং ৯ এর বিধান লঙ্ঘন করিলে তাহা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য হইবে এবং অনুরূপ অপরাধের জন্য তিনি অনূর্ধ্ব ১ (এক) বৎসরের বিনাশ্রম কারাদণ্ড বা ন্যূনতম ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হইতে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) নিবন্ধনকৃত হ্যাচারির মালিক বা হ্যাচারি পরিচালনার সহিত সংশ্লিষ্ট ব্যক্তি এই আইনের ধারা ৫, ৬, ৭ এবং ৯ ব্যতীত অন্য কোন ধারা বা এই আইনের অধীন প্রণীত বিধি লঙ্ঘন করিলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত ব্যক্তিকে সর্বনিম্ন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হইতে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আর্থিক জরিমানা করিতে পারিবেন। মৎস্য হ্যাচারী আইন ও বিধিমালার অন্যান্য বিধানাবলীর সাপেক্ষে নিম্নবর্ণিত ছকে উল্লেখিত হারে লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি প্রদান করতে হবে:-

ক্রমিক নং	হ্যাচারি ক্যাটাগরি	আবেদন ফি (টাকা)	নিবন্ধন ফি (টাকা)	নবায়ন ফি (টাকা)
(১)	ক্যাটাগরি (১): কার্প মাছের রেণু উৎপাদন হ্যাচারি	২০০	৩০০০	২০০০
(২)	ক্যাটাগরি (২): গলদা ও বাগদা চিংড়ি পি এল উৎপাদন হ্যাচারি	২০০	৭৫০০	৬০০০
(৩)	ক্যাটাগরি (৩): দেশীয় অন্যান্য মাছের হ্যাচারি (Pearch, ক্যাটফিশ, স্নেকহেড)	২০০	৩০০০	২০০০
(৪)	ক্যাটাগরি (৪): মনোসেঙ্গ তেলাপিয়ার হ্যাচারি	২০০	৩০০০	২০০০
(৫)	ক্যাটাগরি (৫): বাহারি মাছের হ্যাচারি	২০০	১৫০০	১০০০
(৬)	ক্যাটাগরি (৬): মাছ ব্যতীত অন্যান্য জলজ প্রাণির হ্যাচারি	২০০	৩০০০	১০০০

এমতাবস্থায়, মৎস্য হ্যাচারি স্থাপন ও পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে লাইসেন্সিং কর্তৃপক্ষ (জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা) এর নিকট হতে লাইসেন্স গ্রহণ/নবায়ন করার জন্য সরকারি আদেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ মৎস্য হ্যাচারি স্থাপন ও পরিচালনার শর্তাবলি।

প্রাপক:

গাইবান্ধা সদর, গাইবান্ধা।

(মোঃ মারজান সরকার)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
গাইবান্ধা সদর, গাইবান্ধা
তারিখ: ২৮/০৩/২০২৩ খ্রি.

স্মারক নং-৩৩.০২.৩২২৪.৫০১.২৫.০০১.১৮.৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর থানা, গাইবান্ধা।
- ৪। সংশ্লিষ্ট নথি।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
গাইবান্ধা সদর, গাইবান্ধা